

নম্বর-২৫.০০.০০০০.০১৩.৯৯.০১৩.১৫- ২০২৫

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪২২ বঙ্গাব্দ  
২৬ নভেম্বর ২০১৫ খ্রিষ্টাব্দ।

### বিজ্ঞপ্তি

বিষয় : ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের জন্য সরকারি অর্থায়নে আবাসন প্রকল্প গ্রহণের লক্ষ্যে ফ্ল্যাট বরাদ্দের নীতিমালা প্রণয়নের বিষয়ে পরামর্শ/মতামত আহ্বান।

সরকারি চাকুরিতে মেধাবী তরুণদের আকৃষ্টকরণ এবং কর্মকর্তা/কর্মচারীদের নৈতিক মনোবল ধরে রাখার নিমিত্তে ঢাকা, চট্টগ্রাম ও খুলনা শহরে সরকারি কর্মকর্তা/ কর্মচারীদের আবাসন সুবিধা প্রদানের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের মাধ্যমে ফ্ল্যাট নির্মাণ সংক্রান্ত প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ বিষয়ে মাননীয় অর্থমন্ত্রীর সভাপতিত্বে গত ০৩-১১-২০১৫ খ্রি. তারিখের একটি সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- আগামী ০১(এক) মাসের মধ্যে প্রথম পর্যায়ে ঢাকা, চট্টগ্রাম এবং খুলনাতে ১২০০ ফ্ল্যাট নির্মাণের বিষয়ে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ পূর্ণাঙ্গ প্রকল্প, ফ্ল্যাট বরাদ্দের নীতিমালা ও তহবিল ব্যবস্থাপনা সংক্রান্ত নীতিমালা গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করবে;
- চাকুরীতে নতুন প্রবেশকারীদের নিকট হতে ৩০(ত্রিশ) বৎসর মেয়াদী স্বল্প সুদে কিস্তিতে ফ্ল্যাটের মূল্য আদায়ের বিষয়টি নীতিমালায় অন্তর্ভুক্ত করতে হবে;
- রাজউক বিভিন্ন সময়ে যে সকল ফ্ল্যাট নির্মাণ করবে তার কিছু অংশ সরকারি কর্মকর্তা/কর্মচারীদের মাঝে সহজ শর্তে ও কিস্তিতে বিক্রির বন্দোবস্ত রাখতে হবে।

০২। উপর্যুক্ত সিদ্ধান্তসমূহের আলোকে ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের জন্য সরকারি অর্থায়নে আবাসন প্রকল্প গ্রহণের লক্ষ্যে ফ্ল্যাট বরাদ্দের নীতিমালা প্রণয়নের জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হয়েছে:

১.	জনাব এম বজলুল করিম চৌধুরী অতিরিক্ত সচিব (প্রশাসন), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা	আহ্বায়ক
২.	প্রধানমন্ত্রীর কার্যালয়ের একজন প্রতিনিধি	সদস্য
৩.	জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি	সদস্য
৪.	কৃষি মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি	সদস্য
৫.	জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষে একজন প্রতিনিধি	সদস্য
৬.	জনাব মোঃ ফাহিমুল ইসলাম, উপ সচিব (প্রশাসন-১ অধিশাখা) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।	সদস্য সচিব

উক্ত কমিটি আগামী ১৫(পনের) দিনের মধ্যে ফ্ল্যাট বরাদ্দ নীতিমালা প্রণয়ন করবে।

৩। ফ্ল্যাট বরাদ্দ নীতিমালা প্রণয়নের জন্য গঠিত কমিটি কর্তৃক একটি বস্তুনিষ্ঠ নীতিমালা প্রণয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের নিকট হতে পরামর্শ/মতামত আহ্বান করা যাচ্ছে।

৪। বর্ণিত অবস্থায়, আগামী ০৩/১২/২০১৫ খ্রি. তারিখের মধ্যে ফ্ল্যাট বরাদ্দ নীতিমালা প্রণয়ন সংক্রান্ত কমিটির আহ্বায়ক অথবা সদস্য সচিব বরাবর পরামর্শ/মতামতের হার্ডকপি অথবা [bk.chaudhury@yahoo.com](mailto:bk.chaudhury@yahoo.com) বা [fahimul.islam@gmail.com](mailto:fahimul.islam@gmail.com) ইমেইল ঠিকানায় সফট কপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

  
(মোঃ ফাহিমুল ইসলাম)

উপ সচিব

ফোন: ৯৫১২২৬৩


ফ্যাক্স: ৯৫১২২৩০

ইমেইল : [fahimul.islam@gmail.com](mailto:fahimul.islam@gmail.com)

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩।  উপ সচিব, ই গভর্নেন্স অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধ করা হলো]
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা [জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধ করা হলো]।
- ৫। উপ সচিব (প্রশাসন-৩), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধ করা হলো]।
- ৬। সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ক্র.সং.	বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ	সংখ্যা
১।	১৫/০৫/২০১৯	১০০০
২।	১৫/০৫/২০১৯	১০০০
৩।	১৫/০৫/২০১৯	১০০০
৪।	১৫/০৫/২০১৯	১০০০
৫।	১৫/০৫/২০১৯	১০০০
৬।	১৫/০৫/২০১৯	১০০০

  
সিনিয়র সচিব